

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৩১.০২.(এ.টি).০০২.২০-২৮৩

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-০১ ঢাকা এ.টি. নং- ৩৪১/২০২০ মামলা এর বিরুদ্ধে সরকার পক্ষে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ এমদাদুল হক সোহাগ, ডাটা এন্ট্রি অপারেটর (সাময়িক বরখাস্তকৃত)- এর বিরুদ্ধে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর বিধি ৩৯(১)(খ)(ই) অনুযায়ী চাকুরী হইতে অপসারণ করায় প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা মামলা নং-৩৪১/২০১৯ দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) সহ মোট ০২ (দুই) জন-কে বিবাদী করা হয়েছে। প্রশাসনিক ট্রাইব্যুনালে-১ ঢাকায় বিবাদীগনকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে দুই প্রস্ত আগামী ০১/১১/২০২০ ইং তারিখে সকাল ১০.০০ ঘটিকার মধ্যে দাখিল করার নির্দেশনা রয়েছে। উক্ত মামলার বিরুদ্ধে নিম্নোক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক এ বিভাগ অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) এ.টি মামলার আপীল নম্বর- ৩৪১/২০২০ এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকার সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সিনিয়র সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা।
- (গ) এ.টি মামলার ধার্য তারিখে জবাব প্রদান করা ও সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ।

১৫-১০-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

চেয়ারম্যান

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

ইমেইল: salimsikder20@yahoo.com

(এনটিআরসিএ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৩১.০২.(এ.টি).০০২.২০-২৮৩/১(৪)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭
১৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-১০-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব